স্বদেশ প্রত্যাবর্তনকারী অবসরপ্রাপ্ত কমিটির চতুর্থ সম্মেলন

মেহেরপুরে স্বদেশ প্রত্যাবর্তনকারী অবসরপ্রাপ্ত সামরিক সদস্য কল্যাণ কমিটির চতুর্থ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বেলা ১১ টার সময় কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দদের সমন্বয়ে মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব গ্রামে সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে সরকারের কাছে বিভিন্ন দাবী এবং মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি দেয়ার দাবী তুলে ধরে বক্তব্য রাখেন অনারারি ক্যাপ্টেন একেএম ফজলুল হক। সার্জেন্ট মোহাম্মদ লফিজ উদ্দিনের সভাপতিত্বে এবং মোহাম্মদ জাহিদুল ইসলামের সন্ঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,ভেড়ামারা কুষ্টিয়া অঞ্চলের সভাপতি সিনিয়র অফিসার আব্দুস সামাদ,রবিশাল জেলা সভাপতি সার্জেন্ট শাহজাহান আলী,দিনাজপুর জেলা সভাপতি ওহিদুজ্জামান,জাহাঙ্গীর নগর বিশ্ব বিদ্যালয়ের তথ্য গবেষনা বিষয়ক সম্পাদক সফিউল ইসলাম,ল্যান্স কর্পোরাল শাহাদত আলী, খুলনা বিভাগের সার্জেন্ট মোছাঃ হাসিনা বেগম ।

এসময় ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় সামরিক সদস্যদের ভুমিকা তুলে ধরে বক্তব্য রাখেন বক্তারা। অবসরপ্রাপ্ত সকল সামরিক সদস্যদের মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি দেবার দাবী জানানো হয়।

ফুটবলে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের বালিকা দল ফাইনালে

গাংনী উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া

সমিতির উদ্যোগে ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফুটবল বালিকাতে বামন্দী মাধ্যমিক বিদ্যালয়কে ১-০ গোলে পরাজিত করে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের বালিকা দল বিজয়ী হয়। একই দিন ফাইনাল খেলায় জোতি মাধ্যমিক বিদ্যালয়কে ৭-৬ গোলে পরাজিত করে বিজয় অর্জন করে।

শুক্রবার সকালে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

এদিকে মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফুটবলে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়,কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় এবং মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কোয়াটার ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে।

শুক্রবার (৯ সেপ্টেম্বন) সকালে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত খেলায় ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ১-০ গোলে কে আর আর এস মাধ্যমিক বিদ্যালয়কে।আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় ২-০ গোলে বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়কে। কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় ১-০ গোলে কলমিজোল মাধ্যমিক বিদ্যালয়কে এবং মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ২-০ গোলে আমঝুপি আলিম মাদ্রাসাকে পরাজিত করে কোয়াটার ফাইনালে উঠেছে।

গাংনীতে পাঁচকেজি গাঁজাসহ আটক ১

সোহরাব হোসেন (৩৮) নামের এক মাদক কারবারীকে আটক করেছে পুলিশ। তার কাছ থেকে জব্দ করা হয়েছে পাঁচ কেজি গাঁজা।

আজ শুক্রবার দুপুর দেড়টার দিকে মেহেরপুরের গাংনীর ভবানীপুর ক্যাম্প পুলিশের একটি টীম তাকে হাড়াভাঙ্গা কাদের মোল্লা মোড় থেকে আটক করে। সোহরাব হোসেন গাংনী উপজেলার রামনগরের মোস্তফার

ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, একজন মমাদক কারবারী সীমান্ত এলাকা থেকে গাঁজা নিয়ে হাড়াভাঙ্গা রাস্তা দিয়ে আসছে মর্মে সংবাদের ভিত্তিতে অভিযান চালান এসআই জহির ও সঙ্গীয় ফোর্স। এসময় সোহরাব হোসেনের কাছে রাখা একটি ব্যাগে তল্লাশী চালিয়ে পাঁচ কেজি গাঁজা পাওয়া গেলে তাকে আটক করা হয়।

তার বিরুদ্ধে মাদক আইনে মামলা দায়ের সাপেক্ষে ওই মামলায় গ্রেপ্তার দেখিয়ে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়।

উর্মী হত্যার বিচার দাবীতে গাংনী ও মেহেরপুরে মানববন্ধন

গাংনী শহরে ইসলামিক বিশ্ববিদ্যালয়ের ছাত্রী নিশাত তাসনিম উর্মীকে হত্যার বিচার দাবীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (৯ সেপ্টেম্বর) বিকালে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী বাজারের উপর এবং মেহেরপুর প্রেসক্লাবের সামনের সড়কে পৃথকভাবে প্রায় এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

ইসলামিক বিশ্ববিদ্যালয়ের ফোকলোর স্ট্যাডিজ বিভাগের পরিচালক মিঠুন মুস্তাফিজুরের নির্দেশে ইসলামিক বিশ্ববিদ্যালয়ের ফোকলোর স্ট্যাডিজ বিভাগের শিক্ষার্থীরা এই মানববন্ধনের আয়োজন করেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন, ফোকলোর স্ট্যাডিজ বিভাগের শিক্ষক ড. এরশাদুল হক, উর্মীর সহপাঠি তানভীর হাসান, শামীম রেজা, এসএম সুইট, রাইহানা নিগার রিনি প্রমুখ।

তারা উর্মীর খুনি স্বামী আশিকুজ্জামান প্রিন্সের দৃষ্টান্ত বিচার এবং এই হত্যাকান্ডের সাথে জড়িতেদের গ্রেফতার ও বিচার দাবী করেন।

আগামীকাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উর্মী হত্যার বিচার দাবীতে ফোকলোর স্ট্যাডিজ বিভাগের শিক্ষার্থীরা মানববন্ধন ও সমাবেশ

করবেন বলে জানান শিক্ষক ড. এরশাদুল হক।

গাংনীর নিহত ইবি ছাত্রীর পিতার মামলা, স্বামী গ্রেফতার

গাংনী শহরে ইসলামিক বিশ্ববিদ্যালয়ের ছাত্রী নিশাত তাসনিম উর্মীকে হত্যার অভিযোগে স্বামী আশিকুজ্জামান প্রিন্সকে গ্রেফতার করে গাংনী থানা পুলিশ।

নিহত উর্মীর পিতা গোলাম কিবরিয়া বাদী হয়ে হত্যার অভিযোগ এনে থানায় লিখিত এজাহার দেন। এর পরপরই তাকে গ্রেফতার করে পুলিশ।

গ্রেফতারকৃত আশিকুজ্জামান প্রিন্স গাংনী শহরের কাথুলি মোড় এলাকার বিশিষ্ট হার্ডওয়্যার ব্যবসায়ী পদ্ম্যা এন্টারপ্রাইজের সত্বাধিকারী হাসেম শাহ’র ছেলে।

স্থানীয়রা জানান, আশিকুজ্জামান প্রিন্স মাদকাসক্ত। বিভিন্ন কারনে অকারণে তার স্ত্রী উর্মীকে মারধর করতেন। গত রাতে তাকে হত্যা করে আত্মহত্যার নাটক সাজানোর চেষ্টা করেছিল প্রিন্স।

উল্লেখ্য, মেধাবী ছাত্রী নিশাত তাসনিম উর্মী ও তার স্বামী প্রিন্স ভালবাসার সম্পর্ক করে প্রায় চার বছর বিয়ে করে। তাদের ঘরে একটি পুত্র সন্তান রয়েছে।

গাংনীতে এসএসসি পরীক্ষার্থীর

আত্মহত্যার চেষ্টা

গাংনী উপজেলার কড়ুইগাছি গ্রামে দাদের বড়ি সেবন করে লাবিব (১৬) নামের এক স্কুল ছাত্র আত্মহত্যার চেষ্টা করেছে। লাবিব কড়ইগাছি গ্রামের লাল মহাম্মদের ছেলে। সে ২০২২ সালের এসএসসি পরীক্ষার্থী ।

গত বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) সন্ধ্যার দিকে নিজ বাড়িতে দাদের বড়ি সেবন করে সে।

লাবিবের মা পাপিয়া বলেন, বিকালে সে প্রাইভেট পড়েতে গিয়েছিলো। বাড়ি এসেই ঘরের মধ্যে ঢুকে বড়ি সেবন করে। আমরা পরিবারের লোকজন এখনো বুঝতে পারছিনা। কি কারনে সে এটা করেছে। লাবিব (১৬) এসএসসি পরীক্ষার্থী।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত স্যাকমো শরিফুল ইসলাম বলেন, অনেকগুলো বড়ি এক সাথে সেবন করেছে সে। ভর্তি করে চিকিৎসা দেয়া হচ্ছে।

গাংনীতে ইবি শিক্ষার্থীকে হত্যার অভিযোগ স্বামীর বিরুদ্ধে

মেহেরপুরের গাংনীর বাজার পাড়া থেকে ইবি শিক্ষার্থী নিশাত তাসনীম উর্মীকে (২৪) হত্যার অভিযোগ উঠেছে তার স্বামীর বিরুদ্ধে।

বৃহষ্পতিবার দিবাগত মধ্য রাতে গাংনী স্বাস্থ্য কমপ্লেক্স থেকে গাংনী থানা পুলিশের একটি টিম তার লাশ উদ্ধার করে। উর্মীর পিতার অভিযোগ তাকে হত্যা করে আত্মহত্যা বলে ধামা চাপা দেয়া হচ্ছে। পুলিশ লাশ ময়না তদন্তের জন্য মেহেরপুর মর্গে প্রেরণ করেছে।

গৃহবধু নিশাত তাসনীম উর্মী ইসলামী বিশ্ববিদ্যালয়ের অনার্স তৃতীয় বর্ষের শিক্ষার্থী এবং গাংনীর পদ্মা এন্টারপ্রাইজের

স্বত্ত্বাধিকারী হাসেম শাহ্ এর ছেলে আসিকুজ্জামান প্রিন্সের স্ত্রী এবং গাংনী উপজেলার চাদপুর গ্রামের গোলাম কিবরিয়ার মেয়ে।



গাংনীতে ইবি শিক্ষার্থীকে হত্যার
অভিযোগ স্বামীর বিরুদ্ধে

উর্মীর পিতা গোলাম কিবরিয়া অভিযোগ করে জানান, গভীর রাতে বেয়াই হাসেম শাহ্ মোবাইল ফোনে জানান, মেয়ে উর্মী অসুস্থ হওয়ায় তাকে গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হয়েছে। অসুস্থতার কারন জানতে চাইলে উর্মী ঘরের জানালার সাথে ফাঁস দিয়েছে বলে জানানো হয়। সংবাদ পেয়ে স্বাস্থ্য কমপ্লেক্সে এসে জানতে পারেন উর্মী অনেক আগেই মারা গেছে। উর্মীর শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে। তাকে শারিরীক নির্যাতন করে হত্যা করে আত্মহত্যা বলে ধামাচাপা দেয়া হচ্ছে।
পরে পুলিশে খবর দেয়া হলে পুলিশ লাশ থানা হেফাজতে নেয়।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, সংবাদ পেয়ে লাশ পুলিশ হেফাজতে নেয়ার পর একটি অপমৃত্যু মামলা রুজু করা হয়েছে। লাশ মেহেরপুর মর্গে প্রেরণ করা হয়েছে। ময়না তদন্ত প্রতিবেদন পাওয়া গেলে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

সালাউদ্দীন শাওন সভাপতি ও মো: রফিক সাধারণ সম্পাদক নির্বাচিত

উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত গাংনী বাজার কমিটির ত্রি-বার্ষিক নির্বাচনে সালাউদ্দীন শাওন সভাপতি ও মো: রফিক সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

ভোট গণনা শেষে বৃহস্পতিবার সন্ধ্যায় প্রিজাইডিং অফিসার মাহফুজুর রহমান আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করেন।

গাংনী বাজার কমিটির এই ত্রি-বার্ষিক নির্বাচনে সালাউদ্দীন শাওন চাকা প্রতীকে ৪১১ ভোট পেয়ে সভাপতি নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী শাওনের দুলাভাই সাবেক সভাপতি মাহাবুবুর রহমান স্বপন আনারস প্রতীকে পেয়েছেন ৩৫৪ ভোট। এছাড়া অপর প্রার্থী শাফিউল বাশার চেয়ার প্রতীকে পেয়েছেন ১১৬ ভোট।

তুহিন রেজা মোটরসাইকেল প্রতীকে ৬০৮ ভোট পেয়ে তৃতীয় বারের মত সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আক্তারুজ্জামান কাজল মোবাইল ফোন প্রতীকে পেয়েছেন ২৫৪ ভোট।

মো: রফিকুল ইসলাম তালা চাবি প্রতীকে ৪৭৭ ভোট পেয়ে সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাবেক সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলু ছাতা প্রতীকে পেয়েছেন ৩৮০ ভোট।

রাজিব মিয়া রাজু খেজুর গাছ প্রতীকে ৪৭৮ ভোট পেয়ে সহ সধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আশিক ইকবাল তুষার অটোবাইক প্রতীকে পেয়েছেন ৩৮৭ ভোট।

মামনুর রশিদ টিউবওয়েল প্রতীকে ৪৬৬ ভোট পেয়ে অর্থ সম্পাদক নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সরোয়ার হোসেন টেবিল ফ্যান প্রতীকে পেয়েছেন ২০৯ ভোট ও অপর প্রতিদ্বন্দ্বী সজিব হোসেন মোমবাতি প্রতীকে পেয়েছেন ১৯৪ ভোট।

সামসুজ্জোহা পানির বোতল প্রতীকে ৪৬৮ ভোট পেয়ে দফতর সম্পাদক নির্বাচিত হয়েছেন।তার নিকটতম প্রতিদ্বন্দ্বী হোসেন আলী পাঞ্জাবী প্রতীকে পেয়েছেন ৩৮৫ ভোট।

এছাড়া বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন প্রচার সম্পাদক কামরুজ্জামান বাবু, নির্বাহি সম্পাদক এনামুল হক, জয়নাল আবেদীন, জুয়েল রানা বিপুল ও মফিজুল ইসলাম। এছাড়া বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত সাধারণ সদস্যরা হলেন লিটন হোসেন, মো: রতন আলী, বাবুল মিয়া ও হোসেন আলী।

সকাল ৯ টা থেকে ভোট গ্রহণ শুরু হয়ে একটানা বিকাল ৪ টা পর্যন্ত চলে। সকাল ৯ টার সময় গাংনী বাজার কমিটির সম্মানিয় সদস্য ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী ও উপজেলা আওয়ামীলগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলসহ প্রার্থীরা তাদের

ভোটাধিকার প্রয়োগ করেন।

এমসময় ভোটের পরিবেশ দেখতে আসেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম, গাংনী থানার ভারপ্রা্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকসহ প্রশাসনের উর্দ্ধন কর্মকর্তারা। রাজনৈতিক অঙ্গণের সকল নেতা কর্মী উপস্থিত ছিলেন।

ভোট গণনা শেষে সন্ধ্যার দিকে আনুষ্ঠানিকভাবে ভোটের ফলাফল ঘোষণা করা হয়। এসময় গাংনী বাজার কমিটির ত্রি-বার্ষিক নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার ফজলুর রহমান ফজল, যুগ্ম কমিশনার সাংবাদিক মাজেদুল হক মানিক, আনারুল ইসলাম বাবু, রেজাউল হক উপস্থিত ছিলেন।

বাজার কমিটির ত্রি-বার্ষিক নির্বাচনে ৯৪৪ জন ভোটারের মধ্যে ৪৮৪ জন ভোটার তাদের ভোটাধিকার প্রেয়োগ করেন। অনুপস্থিত ছিলেন ৬০ জন ভোট। এছাড়া ১৫ টি ভোট বাতিল হয়েছে।

নির্বাচনে আইনশৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে অর্ধশতাধিক পুলিশ মোতায়েন করা হয়েছি। সকাল থেকে প্রার্থীদের স্ব স্ব কর্মীরা নির্বাচনের বাইরে গাংনী হাটবোয়ালীয়া সড়কে উৎসব মুখর পরিবেশ সৃষ্টি করে।

গাংনী থানা পুলিশের অভিযানে গ্রেফতার ৭

গাংনী থানা পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার দিবাগত রাত থেকে আজ বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) ভোর পর্যন্ত বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের মধ্যে পরোয়ানাভূক্ত সিআর মামলার ৭ জন রয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে অভিযানে পুলিশের পৃথক টিম অংশ নেয়।

পুলিশের সংশ্লিষ্ট বিভাগ আজ বৃহস্পতিবার দুপুরের দিকে এ তথ্য নিশ্চিত করেছেন।

আজ বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনী থানা পুলিশের অভিযানে ২ বছরের সাজাপ্রাপ্ত গ্রেফতার

এনআই এ্যাক্ট মামলায় ২ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি আবু জাফর ওরফে হিরনকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গ্রেফতারকৃত আবু জাফর গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের কামারখালি গ্রামের হারুন অর রশিদের ছেলে।

আজ বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) ভোররাতের দিকে গাংনী থানা পুলিশের তদন্ত অফিসার (ওসি তদন্ত) মনোজিত কুমার নন্দীর নেতৃত্বে এসআই আশিক, এসআই মাসুদ এএসআই জাহিদ সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদে তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

তার নামে পিরোজ জেলার একটি থানায় ব্যবসায়ীক লেনদেনের চেক ডিজঅনার হওয়ায় একটি মামলা হয়। যার নং ১৮৬/১৯।

মামলায় তার ২ বছরের কারাদন্ড দেন আদালত। দন্ডিত হওয়ার পর সে পলাতক জীবন যাপন করছিলেন।

আজ বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) সকাল ১১ টার দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।